দৈনিক সংবাদ

তারিখ 12-DEC-1995
পৃষ্ঠা ৫ কলাম ৫

64

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান স্থগিত

কুষ্টিয়া, ১১ই ডিসেম্বর (নিজস্ব সংবাদ-দাতা)।– ১৩ই ডিসেম্বর অনুষ্ঠেয় কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠান স্থগিত ঘোষণা করা হয়েছে।

সমাবর্তনের সকল প্রস্তুতি শেষ হয়ে এসেছিল। এ সময় হঠাৎ করেই অনুষ্ঠান স্থগিত করা হয়।

ধারণা করা হচ্ছে, বর্তমান রাজনৈতিক অস্থিরতার কারণে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগের অসুবিধার কারণেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছেন।